


কোস্টঃ Hti HT-820D ইনফ্রারেড থার্মোমিটার ব্যবহার নির্দেশিকা



কন্ট্রোল পরিচিতিঃ

- ১। ডিসপ্লেঃ যেখানে পরিমাপকৃত তাপমাত্রাসহ যাবতীয় তথ্যাদি দেখা যাবে।
- ২। লেজার/ব্যাকলাইট বাটনঃ এই বাটন দিয়ে লেজার/ব্যাকলাইট চালু/বন্ধ করা যাবে।
- ৩। সেট/লেফট বাটনঃ এই বাটন দিয়ে বিভিন্ন সেটিংস পরিবর্তনসহ পূর্বের পরিমাপকৃত তাপমাত্রার রেকর্ড দেখা যাবে।
- ৪। এডজাস্ট/রাইট বাটনঃ এই বাটন দিয়ে বিভিন্ন সেটিংস পরিবর্তনসহ পূর্বের পরিমাপকৃত তাপমাত্রার রেকর্ড দেখা যাবে।
- ৫। মোড বাটনঃ পরিমাপের মোড ও ভাষা পরিবর্তন করা যাবে।
- ৬। ট্রান্সডিউসার/লেন্সঃ এই দিকটি যার তাপমাত্রা পরিমাপ করবেন তার কপাল বরাবর ২-৩ ইঞ্চি দূরে রাখতে হবে।
- ৭। ট্রিগার/পরিমাপ বাটনঃ এই বাটন দিয়ে তাপমাত্রা পরিমাপ করা যাবে।
- ৮। ব্যাটারি কভারঃ এই কভারটি খুলে ব্যাটারি পরিবর্তন করা যাবে।

ব্যবহারপূর্ব নির্দেশিকাঃ

- ১। থার্মোমিটারের ব্যাটারি কভার খুলে দুইটি AAA সাইজ ব্যাটারি (রিমোটের ব্যাটারি) স্থাপন করতে হবে।
- ২। নতুন ব্যাটারি লাগানো বা ব্যাটারি পরিবর্তনের পর দশ মিনিট অপেক্ষা করতে হবে।
- ৩। থার্মোমিটারটির ডিসপ্লেতে Body লেখা আছে তা নিশ্চিত করতে হবে। না থাকলে Mode বাটন চেপে পরিবর্তন করে নিন। ডিসপ্লেতে Surface লেখা থাকলে ভুল তাপমাত্রা আসতে পারে।

ব্যবহারের নিয়মঃ

- ১। থার্মোমিটারের লেন্সের দিকটি কপাল থেকে দূরে ধরে ট্রিগারটি চাপ দিন। সাথে সাথে ডিসপ্লেতে তাপমাত্রা দেখা যাবে এবং ডিসপ্লেতে তাপমাত্রা অনুসারে সবুজ/কমলা/লাল আলো জ্বলবে।
- ২। কপালের লেন্স ধরার সময় খেয়াল রাখবেন কপালে যেন চুল অথবা ঘাম না থাকে। চুল/ঘাম থাকলে তাপমাত্রা সঠিক আসবে না।
- ৩। ক) তাপমাত্রা যদি **98.4°F থেকে 99.5°F** মধ্যে থাকলে তাপমাত্রা স্বাভাবিক। ডিসপ্লেতে সবুজ আলো জ্বলবে।
খ) তাপমাত্রা যদি **99.6 °F থেকে 100.4 °F** এর মধ্যে থাকলে হালকা জ্বর আছে। ডিসপ্লেতে কমলা আলো জ্বলবে।
গ) তাপমাত্রা যদি **100.5 °F** বা তার বেশি হলে প্রচুর জ্বর আছে। ডিসপ্লেতে লাল আলো জ্বলবে। এক্ষেত্রে কক্ষিকে অফিসে প্রবেশ থেকে বিরত রাখুন, পরবর্তী করণীয় জানতে ডাক্তারের পরামর্শ নিন এবং কক্ষীর ১ম/২য় তত্ত্বাবধায়ককে অবহিত করতে হবে।
- ৪। প্রত্যেক কক্ষীর তাপমাত্রা দিনে কমপক্ষে দুইবার (আসা এবং যাওয়ার সময়) পরিমাপ করুন ও খাতায় লিপিবদ্ধ করতে হবে।
- ৫। অফিস শুরুর পূর্বেই থার্মোমিটারটি এমন স্থানে রাখুন যাতে অফিসে প্রবেশের আগে তাপমাত্রা পরিমাপ করা যায়।

সতর্কতা

- ১। থার্মোমিটারটি খুবই স্পর্শকাতর তাই এটি ব্যবহার ও সংরক্ষণের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।
- ২। থার্মোমিটারটি পরিষ্কারের ক্ষেত্রে সুতি কাপড় পানি/হেক্সিসল/স্যানিটাইজারে হালকা ভিজিয়ে পরিষ্কার করতে হবে। পানি ব্যবহার করলে সাথে সাথে শুকনো কাপড় অথবা টিসু দিয়ে মুছে ফেলতে হবে।
- ৩। থার্মোমিটারটি সরাসরি সূর্যের আলো এবং পানি থেকে দূরে রাখতে হবে।
- ৪। একজনের তাপমাত্রা নেয়ার কমপক্ষে ১৫ সেকেন্ড পর পরবর্তী জনের তাপমাত্রা পরিমাপ করতে হবে।
- ৫। শরীরের সাথে স্পর্শ করে বা ৩ ইঞ্চির বেশি দূরে রেখে তাপমাত্রা পরিমাপ করবেন না। শরীরে স্পর্শ করে তাপমাত্রা পরিমাপ করলে করোনা ভাইরাস সংক্রমণের ঝুঁকি থাকে। ৩ ইঞ্চির বেশি দূরে রেখে পরিমাপ করলে ভুল তাপমাত্রা দেখাতে পারে।
- ৬। তাপমাত্রা সবসময় ফারেনহাইট (°F) স্কেলে পরিমাপ করতে হবে। কোন কারনে থার্মোমিটারটি সেলসিয়াস (°C) স্কেলে পরিবর্তিত হয়ে গেলে সেট বাটনটি ৩ সেকেন্ড চেপে ধরে রাখুন এবং F1 লেখা আসলে একবার এডজাস্ট বাটন চাপুন। এতে থার্মোমিটারটি পুনরায় ফারেনহাইট (°F) স্কেলে ফিরে যাবে। এখন ট্রিগারটি চাপলেই আবার তাপমাত্রা পরিমাপ করা যাবে।
- ৭। থার্মোমিটারটি ৭ সেকেন্ড অব্যবহৃত থাকলে স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। তাই আলাদাভাবে বন্ধ করার প্রয়োজন নেই।
- ৮। যে কোন সমস্যা সরাসরি সংশ্লিষ্ট আইসিটি সেকশনে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।